৳১০০ ৳১০০

একশত টাকা

কঙ ০৮৬৪৭০০

ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউ.আই.এস.সি) পরিচালনা চুক্তিপত্র

প্রথম পক্ষঃ মোঃমাসুমুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার,
ইসলামপুর,জামালপুর।

দ্বিতীয় পক্ষঃ মো:শাহজাহান মিয়া
চেয়ারম্যান, ১১নং চরপুটিমারী ইউনিয়ন পরিষদ
ইসলামপুর,জামালপুর।

তৃতীয় পক্ষঃ ১। মো:মীর মাহবুবুর রহমান হৃদয়
পরিচালনা জন্য নির্বাচিত উদ্যোক্তা,
১১নং চরপুটিমারী ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউ.আই.এস.সি ডিজিটাল সেন্টার)
ইসলামপুর,জামালপুর।

এই চুক্তিপত্র-----------ইং সালের---------------মাসের-------তারিখে নিম্নোক্ত পক্ষত্রয়ের মধ্যে সম্পাদিত হলো।

<u>প্রথম পক্ষঃ</u>

উপজেলা নির্বাহী অফিসার (নাম):- মো:মাসুমুর রহমান
উপজেলা:- ইসলামপুর,
জেলা:- জামালপুর।

<u>দ্বিতীয় পক্ষঃ</u>

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (নাম):- মো:শাহজাহান মিয়া
ইউনিয়ন:- ১১নং চরপুটিমারী ইউনিয়ন পরিষদ।
উপজেলা:- ইসলামপুর,
জেলা:- জামালপুর।

তৃতীয় পক্ষঃ

<u>ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউ.আই.এস.সি)</u>

উদ্যোক্তা-১ (নাম):- মো:মীর মাহবুবুর রহমান হৃদয়
পিতা নাম:- মো:মীর আব্দুর রহমান
মাতা নাম:- মোছা:মাসুমা বেগম
গ্রাম:- কিংজাল্লা (পাকামুড়ী)
ডাকঘর:- ইসলামপুর,
উপজেলা:- ইসলামপুর,
জেলা:- জামালপুর।

উদ্যোক্তা-২ (নাম):- মোছা:হালিমা খাতুন
পিতা নাম:- মো:হাফিজুর রহমান
মাতা নাম:- মমতাজ বেগম
গ্রাম:- বেনুয়ার চর
ডাকঘর:- বেনুয়ার চর
উপজেলা:- ইসলামপুর,

৳১০০ ৳১০০

একশত টাকা

কঙ: ০৮৬৪৭০১

ক. চুক্তির শর্তসমূহঃ

১। "প্রথম পক্ষ" (উপজেলা নির্বাহী অফিসার)- এর দায়িত্বঃ

১.১। স্থানীয় জনগোষ্ঠীর জন্য উন্নত তথ্য সেবা নিশ্চিত করার লক্ষে উদ্বৃদ্ধকরণ কাস্তবায়নে ইউ.আই.এস.সি সমূহের উদ্যোক্তাদের সর্বাত্মক সহযোগিতা প্রদান করা;

১.২। ইউ.আই.এস.সি সহূহকে টেকসই করার জন্য ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাগন যাতে আর্থিক ভাবে লাভবান হতে পারেন সেজন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

১.৩। কেন্দ্রের স্থাপিত মালামালের পূর্ণাঙ্গ তালিকা ক্রয়মূল্য ও ওয়ারেন্টি পিরিয়ড উদ্ধৃত করে ২য় পক্ষকে বুঝিয়ে দেয়া তবে মালামালে মালিকানা ১ম পক্ষের থাকবে। মালিকানা সংক্রান্তে এ মন্ত্রণালয়ের সময়ে সময়ে পদত্ত আদেশ সকল পক্ষের জন্য বাধ্যকর হবে।

১.৪। ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাগণ যে সকল কারিগরী সমস্যা ব্যক্তিগত প্রচেষ্টা ও স্থানীয় পর্যাযে সমাধান করতে পারবেন না, সে সক ক্ষেত্রে অন্যত্র থেকে কারিগরী সাহায্য পাবার ব্যাপারে সহায়তা করবেন;

১.৫। ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাগণের আয়-ব্যয় হিসাব যাথ্যযথ ভাবে পরিবীক্ষণ করবেন এবং উদ্যোক্তাকে যথাযথ ভাবে হিসাবসংরক্ষন করতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন;

১.৬। উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্বাবধানে একটি টিম ই-সেন্টারের কার্যক্রম নিয়মিত তদারকি ও সমন্বয় করবেন;

১.৭। ইউ.আই.এস.সি পরিচালনা সংক্রান্তে ২য় ও ৩য় পক্ষের মাঝে কোন বিরোধের সৃষ্টি হলে তিনি উপজেলা পরিষদ এর মাধ্যমে তা নিরস পদক্ষেপ নিবেন;

১.৮। ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র পরিচালনার বিষয়ে সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।

২। দ্বিতীয় পক্ষ (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) এর দায়িত্ব:

২.১। ইউ.আই.এস.সি এর পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করবেন;

২.২। যাবতীয় সেবা প্রদানের জন্য ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাদের সাথে আলোচনার মাধ্যমে ফি নির্ধারণ করবেন।প্রতি বছর জুলাই মাসে ফি পর্যালোচনা বা রিভিউ করা যাবে এবং নতুন ভাবে নির্ধারণ করা যাবে। তবে ফি নির্ধারন অব্যশই অপরাপর ইউনিয়ন পরিষদের এ সংকান্ত ধার্য্যকৃত ফি এর সাথে সঙ্গতিপূর্ন হতে হবে।

২.৩। ফি নির্ধারন সংক্রনন্তে কোন বিরোধ সৃষ্টি হলে আলাপ-আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।আলাপ- আলোচনার মাধ্যমে নিষ্পত্তি ব সম্ভব না হলে সিদ্ধান্তের জন্য উপজেলা নির্বাহী অফিসার ক্ষেত্রমতে উপজেলা পরিষদের সভায় উত্থাপন করবেন। এ বিষয়ে ইউনিয়ন পরিষদে কার্যলয় থেকে পৃথক জায়গায় (দুর্গম এলাকার ক্ষেত্রে) ইউআইএসসি স্থাপন করা হলে সেক্ষেত্রেও ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয় সহায়তা প্রদা করবেন।

২.৪। ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাগণের আয়-ব্যয় হিসাব যথাযথভাবে পরিবীক্ষণ করবেন এবং উদ্যোক্তাদেরকে যথাযথভাবে হিসাব সংরক্ষন করতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন;

২.৫। ইউ.আই.এস.সি এর মাধ্যমে যাতে ইউনিয়ন পরিষদের স্বাভাবিক বা ক্ষতিগ্রস্থ না হয় বা ইউনিয়ন পরিষদের ভাবমুর্তি ক্ষুন্ন না হয় অথবা এমন কোন কার্যক্রম পরিচালিত না হয় যার মাধ্যমে এলাকার নিজস্ব সংস্কৃতি কৃষ্টি বা সামাজিক ঐতিহ্য ক্ষতিগ্রস্থ হয়, এ বিষয় সমূহের দিকে কড়া নজর রাখবেন।

২.৬। ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদনের পর দুই বছরকাল পর্যন্ত ইউ.আই.এস.সি থেকে অর্জিত লাভ ইউনিয়ন পরিষ গ্রহণ করবে না।

২.৭। ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাগণের সাথে চুক্তি সম্পাদনের দুই বছর পর ইউনিয়ন পরিষদ ইউ.আই.এস.সি এর আয় ব্যয় মূল্যায়ণ ক চুক্তি সম্পাদন করবেন। সে ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাদের নিকট হতে নতুন সম্পাদিত চুক্তি মূলে মোট প্রকৃত আয়ের সর্বোচ্চ ১৫% পর্যন্ত ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাগণের কাছে থেকে দাবী করতে পারবে। তবে ইউনিয়ন পরষদকে আর্থিক লাভের চে ইউ.আই.এস.সিকে চালু রাখার প্রতিই সর্বধিক গুরুত্ব দেতে হবে।

২.৮। ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাদের সাথে চুক্তি সম্পদনের নূন্যতম দুই বছর (২৪ মাস) পর্যন্ত ইউ.আই.এস.সি পরিচালনার জন্য কক্ষের ভাড়া পানির বিল ও অন্যান্য সার্ভিস বাবদ (ইন্টারনেট এবং টেলিফোন/মোবাইল বিল ব্যতীত) কোন অর্থ ইউনিয়ন পরিষদ গ্রহন বরবেন

২.৯। ইউ.আই.এস.সি এর কক্ষের মেরামত কাজের প্রয়োজস হলে ইউনিয়ন পরিষদ তা মেরামতের ব্যবস্থা গ্রহণ করবে। এজন্য উদ্যোক্তাদের

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কগ ৬৫৮৬৩১৬

৩.তৃতীয় পক্ষ (ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাদের)-এর দায়িত্বঃ

৩.১। ইউ.আই.এস.সি তে প্রাপ্ত সকল যন্ত্রপাতি নিরাপদে হেফাজত, সংরক্ষন ও সক্ষনাবেক্ষনের জন্য দায়ী থাকবেন। কম্পিউটার সহ কেন্দ্রে স্থাপিত যাবতীয় যন্ত্রপাতি ও সরঞ্জামাদির সুষ্ঠ ব্যবহার, সংরক্ষন ও নিরাপত্তার নিশ্চয়তা বিধান করবেন;

৩.২। তাঁর হেফাজত থাকাকালীন তাঁর অবহেলার কারনে ইউ.আই.এস.সি এর কোন সম্পদ খোয়া বা চুরি গেলে বা বিনষ্ট হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রানালয় নির্ধারিত মূল্য ক্ষতি পূরণ হিসাবে দিতে বাধ্য থাকবেন। এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ইউ.আই.এস.সি এর কোন সম্পদ খোয়া বা চুরি গেলে বা বিনষ্ট হওয়ার তথ্য প্রাপ্তির পর অবিলম্বে নিজে তদন্ত করবেন এবং সম্পদ খোয়া চুরি গেলে বিনষ্ট হওয়ার জন্য দায়-দায়িত্ব নির্ধানণ করে প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রানালয়-এ প্রেরণ করবেন। তথ্য ও যোগাযে প্রযুক্তি মন্ত্রানালয়-এ বিষয়ে নির্দেশনা প্রদান করলে তা সকলের জন্য বাধ্যকর হবে। এরুপ ক্ষেত্রে দেশের প্রচলিত আইন ও বিধিবিধান প্রযোজ্য হবে।

৩.৩। স্থানীয় জনগোষ্টি যাতে ইউনিয়ন পরিষদ কর্তৃক নির্ধারিত মূল্যে অবাধে তথ্য সেবা পেতে পারে তার সর্বাত্নক ব্যবস্থা নিশ্চিত করবেন;

৩.৪। কম্পিউটার কম্পোজ, ইন্টারনেটে ব্রাউজিং, ডিজিটাল ক্যামেরা দিয়ে ছবি তোলা ও ভিডিও কনফারেন্স ও অন্যান্য সেবা ইউনিয়ন পরি কর্তৃক নির্ধারিত ফরম এর মাধ্যমে প্রদান করবেন;

৩.৫। বিভিন্ন শ্রেণী পেশা ভিত্তিক প্রশিক্ষণার্থী দল গঠন করে তাদেরকে ইউনিয়ন পরিষ কর্তৃক নির্ধারিত ফি এর মাধ্যমে প্রশিক্ষন প্রদান করবেন;

৩.৬। স্থানীয় পর্যায়ে বাণিজ্যিক সেবার চাহিদা নির্ধারণ ও উদ্বুদ্ধকরণ কর্মসূচী পরিচালনা করবেন;

৩.৭। প্রতিদিনের বাজার দর ওচাকরির খবরের আপডেট তালিকা তৈরী কে তা নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখবেন;

৩.৮। সরকারী ছুটির দিন ব্যাতিত অন্যার্ন দিন কমপক্ষে দৈনিক ০৮ (আট)ঘন্টাইউ.আই.এস.সি চালু রাখবেন। স্থানীয় চাহিদারনিরিখে ইউনিয়ন পরিষদ উল্লেখিত সময়ের বাহিরে ও ইউ.আই.এস.সি চালু রাখতে পাবেন। সরকারী কাজে এ সময় সীমা প্রযোর্জ হবে না।

৩.৯। সেবা প্রদানের মাধ্যমে অর্জি আয় থেকে ইউ.আই.এস.সি এর পরিচালনা ব্যায় নির্বাহ করবেন। এবং এই চুক্তি সম্পাদনের পরবর্তী দুই বছর পর্যন্ত অতিরিক্ত আয় উদ্যোক্তাগণ প্রাপ্ত হবেন। ২বছর পর এ চুক্তিপত্রের অনুচ্ছেদ ২.৭ এর বিধান প্রযোজ্য হবে।

৩.১০। ইউ.আই.এস.সি এর উপকরণ সমূহ ওয়ারেন্টি পিরিয়ড অতিবাহিত হওয়ার পর উদ্যোক্তাগণ নিজস্ব অর্থায়নে রক্ষানাবেক্ষণ ও মেরাম ব্যবস্থা করবেন।

৩.১১। এ চুক্তির অনুচ্ছেদ ২.৮ এর বিধানের আলোকে বিদ্যুৎ, ইন্টারনেট/ফোন/ফ্যাক্স এর বিল নিয়মিত পরিশোধ করবেন এবং প্রিন্টার টোনার সহ যন্তপাতি সংরক্ষণের প্রয়োজনীয় নিজস্ব অর্থায়নে ক্রয় করবেন;

৩.১২। দৈনিক আয় ব্যয়ের হিসাব নির্ধারণ হিনাব ব্যবস্থাপনা ছকে সংরক্ষন করবেন।

৩.১৩। প্রতি মাসের মাসিক কর্মপ্রতিবেদন (রিপোর্ট) তৈরী করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট জমা দিবেন।

৩.১৪। উদ্যোক্তাগণ প্রয়োজন বোধে দ্বিতীয় পক্ষের মাধ্যমে প্রথম পক্ষের লিখিত অনুমতি সাপেক্ষে অন্যান্য যন্ত্রপাতি (যেমনঃ ফটোকপিয়ার,কালার প্রিন্টার) নিজস্ব অর্থায়নে ইউ.আই.এস.সিতে পরিচালনা করতে পারবেন। এরুপ ক্ষেত্রে ১ম পক্ষ শর্ত আরোপ সাপেক্ষে অনুমতি প্রদান করবেন। তবে যেক্ষেত্রে আই পি এস সহ সোলার প্যানেল সরবরাহ করা হয়েছে সেক্ষেত্রে সোলার প্যানেল এর সাযুজ্যতার ও ক্ষমতার লতিরিক্ত কোন যন্তপাতি কোন ভাবেই ব্যবহার করা যাবে না। এরুপ ব্যবহারের কোন প্রমাণ পাওয়া গেলে ১ উপজেলা নির্বাহী অফিসার এ চুক্তি তাৎক্ষণিক ভাবে বাতিল করতে পারবেন;

৩.১৫। ১ম ও ২য় পক্ষের চাহিদা মোতাবেক ইউ.আই.এস.সি এর প্রয়োজনীয় তথ্য উপাত্ত অগ্র প্রতিবেদন প্রস্তুত প্রেরণ করবেন;

৩.১৬। ব্যবসা পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ সহায়তার জন্য সর্বদা ১ম পক্ষের পরামর্শ গ্রহণ করা যাবে;

৩.১৭। ৩য় পক্ষ ১ম ও ২য় পক্ষের লিখিত আনুমতি ছাড়া কোন যন্ত্রপাতি ও সরঞ্জামাদি কেন্দ্রের বাইরে নিতে পারবে না।

৩.১৮। ৩য় পক্ষ চুক্তি ভঙ্গ করলে এবং এ কারণে চুক্তি বাতিল হলে ৩য় পক্ষ ২য় পক্ষকে যথাযথ হিসাব সহ কেন্দ্রের সকল মালামাল হস্তান্তর/বুঝিয়ে দিবেন;

৩.১৯। কেন্দ্র পরিচালনার বিষয়ে ১ম পক্ষ ও ২য় পক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নীতিমালা মেনে চলতে ৩য় পক্ষ সর্বদা বাধ্য থাকবেন;

৩.২০। ইউ.আই.এস.সি হতে প্রচার ও প্রসারেরর উদ্দেশে দেশের প্রচলিত আইন, বিধিবিধান বা সামাজিক অনুশাসন ও শৃঙ্খলার পরিপন্থী এম

৳ ৩০ ৳ ৩০

তিরিশ টাকা

ট ৭৮১৩৮৭৬

৩.২১। ইউ.আই.এস.সি হতে নির্ধরিত সেবা ছাড়গা আন্য কোন প্রকার ব্যবসা বা সেবা বা কার্যক্রম পরিআলনা করা যাবে না ৩য় পক্ষ অত্র সেন্টার হস্তান্তর বা সাব-লেট দিতে পারবে না, কোন প্রকার বন্ধক দিয়ে ঋন গ্রহন করতে পারবে না;
৩.২২। চুক্তির মেয়াদকালে একই এলাকায় ৩য় পক্ষ একই ধরণের সেবা প্রদানের জন্য অন্য কোন উদ্যোকতার সাথে আগামী দুউ বছরের ম চুক্তিবদ্ধ হবেন না;
৩.২৩। কেন্দ্রের পক্ষ থেকে বিশেষ বিশেষ জাতীয় ও আন্তর্জাতি বিভিন্ন দিবস পালনে ২য় পক্ষ সহ সংশ্লিষ্ট সকল কে সহায়তা করবেন;
৩.২৪। ৩য় পক্ষ তাঁরআয়ের জন্য আয়কর প্রদানযোগ্য হলে তা পরিশোধ করবেন;
৩.২৫। সরকার কর্তৃক দেশের অপরাপর ইউনিয়নে ইতোপূর্বে প্রতিষ্ঠিত ইউ.আই.এস.সি কিংবা উপজেলার ই-সেন্টারের সাথে যোগাযোগ স্থাপন করা । এ সকল ইউ.আই.এস.সি ও উপজেলা ই-সেন্টা কর্তৃক প্রদত্ত নিয়মে সেবা প্রদান পদ্ধতি এবং তথ আদান-প্রদান পদ্ধতি অনুসরণ ও নিশ্চিত করা;
৩.২৬। কোন উদ্যোক্তা দায়িত্ব পালনে অপারগ হলে নূন্যতম এক মাস পূর্বে লিখিত ভাবে ইউনিয়ন চেয়ারম্যানের নিকট আবেদন করবেন। এ ক্ষেত্রে অত্র বিধান অনুসরন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম সম্পন্ন হবে;
৩.২৭। উদ্যোক্তা পরিচালক কোন শর্ত ভঙ্গ করলে প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থাগ্রহণ করা হবে;
৩.২৮। সরকারের পক্ষ থেকে সময় সময় জারিকৃত নির্দেশাবলী পালক করতে হবে।

৪.চুক্তির মেয়াদ:

৪.১। চুক্তি সাক্ষরের ১৫ (পনের) দিনের মধ্যে ইউ.আই.এস.সি এর কার্যক্রম চালু করতে হবে। অন্যথায় চুক্তি বাতিল বলে গণ্য হবে;
৪.২। অত্র চুক্তিপত্রের মেয়াদ চুক্তি স্বাক্ষের তারিখ হতে ২ (দুই) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে। অত:পর ৩য় পক্ষ চুক্তি অনুযায়ী কার্যক্রম পরিচালনা করলে স্বয়ংক্রিয়ভাবে চুক্তি পরবর্তী ২ (দুই) বছরের নবায়ন করা হবে। পরবর্তীতে উভয় পক্ষের সমঝোতার ভিত্তিতে চুক্তিপত্র নবায়ন করা যাবে।

৫.চুক্তি জারিকরণ ও বলবৎকরণ:

৫.১। তিনটি অবিকল সেটে চুক্তিটি স্বাক্ষরিত হয়ে জারী হলো-যার একটি কে অনুলিপি পক্ষত্রয়ের নিকট থাকবে;
৫.২। বাংলাদেশের বিদ্যমান আইন অনুযায়ী এই চুক্তি বলবৎ হবে।

৬.দৈব দুর্ঘটনা:

কোন দৈব কারণে এই চুক্তি বাচুকতির কোন অংশ যদি পালন করা না যায় তবে সে ক্ষেতে কোন পক্ষকে দায়ি করা যাবে না এবং সে ক্ষে বাংলাদেশের আইন অনুযায়ী এই চুক্তি পরিচালিত হবে।

৭.বাতিল:

নিম্নোক্ত কারণে প্রথম,দ্বিতীয় ও তৃতীয় পক্ষ সম্মত হয়ে, ১ম ও ২য় পক্ষ যৌথভাবে অথবা যে ৩য় পক্ষ একক ভাবে এই চুক্তি বাতিল কর পারেন।
৭.১। ইউ.আই.এস.সি এর উদ্যোক্তাদের কার্যক্রম যথাক্রম যথাযথ ও সন্তোষজনক না হলে, স্থানিয় জনগোষ্টির জন্য তথ্যসেবা নিশ্চিত করতে ব্যার্থ হলে উপযুক্ত প্রমাণ সাপেক্ষ ১ম পক্ষ ১৫ দিনের নোটিশ প্রদান পূর্বক ৩য় পক্ষকে অত্মপক্ষ সমর্থণের সুযোগ দিয়ে চুক্তি বাতিল করতে পারবেন;
৭.২। ৩য় পক্ষ কেন্দ্র পরিচালনায় অনিচ্ছুক হলে ৩০ দিনের আগাম নোটিশ প্রদানপূর্বক চুক্তি বাতিল করতে পাবেন;
৭.৩। দৈর্ব দুর্বপাকের কারণে চুক্তি বাতিল করা যাবে।

৮.সরকারী আইন প্রাধান্য:

যে সব বিষয়ে উপরে উল্লেখ করা হয়নি সে সকল ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন বিধিবিধান প্রযোজ্য হবে।

৯.ঘোষনা:

আমি স্বেচ্ছায় স্বজ্ঞানে, সুস্থ মস্তিস্কে, সুস্থ শরীরে, অন্যের বিনা প্ররোচণায় এই চুক্তিপত্র দলিল পাঠ করে এর মর্মার্থ সম্পর্কে জেনে

৳২০ ৳২০

বিশ টাকা

ট ১৭২৮৯৯১

১. প্রথম পক্ষঃ **মোঃ মাসুমুর রহমান**
উপজেলা নির্বাহী অফিসার,
ইসলামপুর, জামালপুর।

উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।

২. দ্বিতীয় পক্ষঃ **মোঃশাজাহান মিয়া**
চেয়ারম্যান, ১১নং চরপুটিমারী ইউনিয়ন পরিষদ
ইসলামপুর, জামালপুর।

শাহজাহান মিয়া
চেয়ারম্যান
১১নং চর পুটিমারী ইউনিয়ন পরিষদ
ইসলামপুর, জামালপুর।

৩. তৃতীয় পক্ষঃ **মোঃমীর মাহবুবুর রহমান হৃদয়**
১১নং চরপুটিমারী ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউ.আই.এস.সি)
ইসলামপুর, জামালপুর।

Md. Mir Mahbubur Rahman Ridoy
Director Union Information and Service Center
Charputimari Union Complex
Islampur, Jamalpur
e-mail-charputimari.up@gmail.com

<u>স্বাক্ষীগণের নাম, ঠিকানা ও স্বাক্ষর</u>

১। মোঃমাছুম মিয়া (ইউপি সচিব ১১নং চরপুটিমারী ইউনিয়ন পরিষদ,)
গ্রামঃ জামালপর সদর, জামালপুর।

মোহাম্মদ মাছুম মিয়া
সচিব
১১নং চর পুটিমারী ইউনিয়ন পরিষদ
ইসলামপুর, জামালপুর।

২। মোঃজবেদ আলী
(৩নং ওয়ার্ড ইউপি সদস্য, ১১নং চরপুটিমারী ইউনিয়ন পরিষদ)
গ্রামঃ বেনুয়ার চর, ডাকঘরঃ বেনুয়ার চর,
উপজেলাঃ ইসলামপুর, জেলাঃ জামালপুর।